

2 0 2 3

BENGALI
(Honours Core)

Paper : BEN-HC-6016

(সাহিত্যের সংজ্ঞা ও সংরূপ)

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০
- (ক) ট্রয়যুদ্ধ-সংক্রান্ত নানা ধরনের ব্যালাড থেকে হোমার কোন্ মহাকাব্যটি রচনা করেন ?
- (খ) টমাস হার্ডি রচিত সারস্বত মহাকাব্য কোনটি ?
- (গ) 'শাহনামা' কোন্ শতাব্দীতে রচিত হয়েছিল ?
- (ঘ) ব্যালাড জাতীয় রচনাকে দীনেশচন্দ্র সেন কী নাম দিয়েছিলেন ?

- (ঙ) পিণ্ডার কোন্ দেশের কবি ছিলেন ?
- (চ) *The Oxford Ballads* (1910) সংকলনটির সম্পাদক কে ?
- (ছ) কোন্ প্রাচীন শহরে সর্বপ্রথম কাঠের অ্যাম্পিথিয়েটার নির্মিত হয়েছিল ?
- (জ) বেনিয়ন রচিত রূপকধর্মী গদ্য আখ্যানটির নাম কী ?
- (ঝ) ইংরেজি novel শব্দটির উৎস-শব্দ novella কোন্ ভাষা থেকে আগত ?
- (ঞ) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত প্রথম সার্থক ছোটগল্পটির নাম লেখো ।

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : $২ \times ৫ = ১০$

- (ক) প্রাচীন ইরানীয় সাহিত্যের দুখানি মহাকাব্য ধরনের রচনার নাম লেখো ।
- (খ) মহাকাব্যের লক্ষণ সম্পর্কে সুদীর্ঘ আলোচনা রয়েছে এমন দুখানি সংস্কৃত অলঙ্কার-শাস্ত্রগ্রন্থের নাম লেখো ।
- (গ) প্রাচীন গ্রীসে কোন্ বাদ্যযন্ত্র ব্যবহার করে গান পরিবেশিত হত ? এই ধরনের গানগুলিকে কী নাম দেওয়া হয়েছিল ?
- (ঘ) এমন দুজন পাশ্চাত্য নাট্যকারের নাম লেখো যাঁদের রচনায় ক্লাসিক, রোমান্টিক ও বাস্তববীরিতির অনুসরণ লক্ষ্য করা যায় ।
- (ঙ) 'দময়ন্তীকথা' গ্রন্থটির রচয়িতা কে ? এই গ্রন্থটিকে অন্য কী নামে অভিহিত করা হয় ?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : $৫ \times ৪ = ২০$

- (ক) 'Primitive Epic' কাকে বলে ? এই ধরনের দুটি epic-এর নাম উল্লেখ করো । $৩+২=৫$
- (খ) হোমার সম্পর্কে যা জান লেখো ।
- (গ) বাংলা ভাষায় রচিত কোন্ ধরনের রচনাকে ব্যালাড জাতীয় রচনা বলা যায় ? এই ধরনের বাংলা রচনাগুলির মধ্য থেকে যে কোনো একটির নাম লেখো । ইংরেজি ও স্কটিশ ভাষায় রচিত অন্তত তিনটি ব্যালাড-সংগ্রহের নাম লেখো । $১+১+৩=৫$
- (ঘ) "কবিচিন্তের ব্যক্তিগত অনুভূতি—সংবেদনের মন্থয়তা সত্ত্বেও গীতিকবিতার এক সর্বজনীন আবেদন ও মূল্য থাকে ।" মন্তব্যটি ব্যাখ্যা করো ।
- (ঙ) গ্রিক নাটকের 'ত্রয়ী ঐক্য' বা 'three unities' সম্বন্ধে যা জান লেখো ।
- (চ) 'আখ্যায়িকা' ও 'কথা'র মধ্যে মূল প্রভেদ কী ? উভয় ধরনের রচনার তিনটি করে উদাহরণ দাও । $২+১\frac{১}{২}+১\frac{১}{২}=৫$

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : $১০ \times ৪ = ৪০$

- (ক) 'সারস্বত' মহাকাব্যের বৈশিষ্ট্যগুলি লেখো ও বাংলাভাষায় রচিত একটি সার্থক সারস্বত মহাকাব্যের পরিচয় দাও ।
- (খ) মহাকাব্য কীভাবে সৃষ্টি হয়েছিল সে বিষয়ে একটি যথাযথ বিবরণ তুলে ধরো ।
- (গ) গীতিকবিতার স্বরূপ সম্পর্কে একটি পর্যালোচনা প্রস্তুত করো ।

- (ঘ) বিষয়ানুসারে বিভাজিত গীতিকবিতার যে কোনো চারটি শ্রেণির সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (ঙ) ব্যালাড বলতে কী বোঝায়? ব্যালাডের বৈশিষ্ট্যগুলি সম্পর্কে যথাযথ আলোচনা করো।
- (চ) “ছোটগল্পের যথার্থ বিকাশ শুরু হয় পাশ্চাত্যে—উনিশ শতক থেকে।”—এই মন্তব্যটির পরিপ্রেক্ষিতে পাশ্চাত্যে ছোটগল্প-ধারার বিকাশ সম্পর্কে একটি ন্যাতিদীর্ঘ আলোচনা প্রস্তুত করো।
- (ছ) উপন্যাসের কাঠামো বা বিষয় সম্পর্কে যা জান লেখো।
- (জ) কমেডি নাটক কাকে বলে? এর বৈশিষ্ট্যগুলি সম্পর্কে আলোচনা করো।
